বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০, আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০
☏: +৮৮-০২-৯৩৩৩৬৫১ 🖷: +৮৮-০২-৯৩৪২২২৬ www.scouts.gov.bd

পত্র নং: বা: স্কা: (আইসিটি)/১২৭৫(২০০০)/২০১৮ তারিখ : ০৯ কার্তিক ১৪২৫ / ২৪ অক্টোবর ২০১৮

পরিপত্র

বিষয় : অনলাইন স্কাউট ডাটাবেজ ও সার্ভিস পোর্টাল ব্যবহার সম্পর্কীয়।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের a2i প্রকল্পের SIF-এর সহায়তায় বাংলাদেশ স্কাউটস এর 'Taking Scouts Services to the Doorsteps of Citizens' শীর্ষক প্রকল্পের আওতায় অনলাইন স্কাউট ডাটাবেজ ও সার্ভিস পোর্টাল তৈরীর কাজ সম্পন্ন হয়েছে।

বাংলাদেশ স্কাউটস এর অনলাইন স্কাউট ডাটাবেজ ও সার্ভিস পোর্টাল ব্যবহার করে দেশব্যাপী স্কাউট সদস্যবৃন্দকে রেজিস্ট্রেশন সিস্টেম-এর আওতায় ডাটাবেজ তৈরী করা হবে এবং আইডি কার্ড প্রদান করা হবে। ডাটাবেজের সাহায্যে সরকারি ও বেসরকারি কার্যক্রমে স্থানীয় স্কাউটদেরকে সম্পৃক্তকরণের ব্যবস্থা করা হবে। বাংলাদেশ স্কাউটস এর বিভিন্ন কর্মসূচি সম্পর্কে অনলাইনে নোটিফিকেশন পাওয়া যাবে ও অনলাইনে বিভিন্ন আবেদন জমা দেয়া যাবে এবং সাধারণ জনগণ অনলাইনে সহজেই বাংলাদেশ স্কাউটস এর বিভিন্ন সেবা গ্রহণ করতে পারবে।

জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে উক্ত অনলাইন স্কাউট ডাটাবেজ ও সার্ভিস পোর্টাল ব্যবহার সম্পর্কে প্রশিক্ষণ সমাপ্ত করা হয়েছে এবং অঞ্চল ও জেলা থেকে অংশগ্রহণকারী প্রতিনিধির কাছে সংশ্লিষ্ট এ্যাডমিন লগ-ইন User name ও Password প্রদান করা হয়েছে।

অনলাইন স্কাউট ডাটাবেজ ও সার্ভিস পোর্টাল ব্যবহার শুরু করার ক্ষেত্রে করণীয় :

২.০ **জাতীয় সদর দফতর :**

২.১ বিভিন্ন বিভাগের আওতায় প্রদত্ত সেবাগুলো অঞ্চল, জেলা, উপজেলা, ইউনিট ও স্কাউট সদস্যবৃন্দ যাতে অনলাইনে গ্রহণ করে তা মনিটরিং করা;

২.২ মাঠপর্যায়ে রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু হওয়ার পর থেকে বিভিন্ন বিভাগের ইভেন্ট নোটিফিকেশন প্রদান ও আবেদন অনলাইনে গ্রহণের ব্যবস্থা করা।

৩.০ **আঞ্চলিক স্কাউটস :**

৩.১ পোর্টালের প্রশিক্ষণপ্রাপ্ত জেলা এ্যাডমিনদের সহায়তায় আগামী ১৫ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে অনলাইনে সকল স্কাউট গ্রুপ অন্তর্ভুক্তি নিশ্চিত করার লক্ষ্যে জেলাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা ও সহায়তা প্রদান করা।

৩.২ প্রশিক্ষণপ্রাপ্ত অঞ্চল এ্যাডমিনের মাধ্যমে জেলা এ্যাডমিনদের টেকনিক্যাল সহায়তা প্রদান নিশ্চিত করা।

৩.৩ আগামী ১৫ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে পোর্টালের জেলা এ্যাডমিনদের নামের তালিকা জাতীয় সদর দফতরে প্রেরণ করা।

৩.৪ আগামী ২০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে জেলা/উপজেলা কর্তৃক (প্রযোজ্য ক্ষেত্রে) উপজেলা/ স্কাউট গ্রুপের নিকট সংশ্লিষ্ট এ্যাডমিন লগ-ইন User name ও Password প্রদান মনিটরিং করা এবং জেলা/উপজেলা (প্রযোজ্য ক্ষেত্রে) এ্যাডমিনদের তালিকা অঞ্চলে সংরক্ষণ করা।

৪.০ **জেলা স্কাউটস :**

৪.১ আগামী ১৫ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে প্রশিক্ষণপ্রাপ্ত জেলা এ্যাডমিনের সহায়তায় সংশ্লিষ্ট উপজেলাসমূহ কর্তৃক মনোনীত উপজেলা এ্যাডমিনদেরকে পোর্টাল ব্যবহার বিষয়ে দুই থেকে তিন ঘন্টার ওরিয়েন্টেশন প্রদান করা এবং লগ-ইন User name ও Password প্রদান করা এবং উপজেলা এ্যাডমিনদের নামের তালিকা আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করা;

৪.২ প্রশিক্ষণপ্রাপ্ত জেলা ও উপজেলা এ্যাডমিনদের সহায়তায় আগামী ২০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে অনলাইনে সকল স্কাউট গ্রুপ অন্তর্ভুক্তি নিশ্চিত করা;

৪.৩ সংশ্লিষ্ট রেলওয়ে, নৌ, এয়ার, রোভার ও মেট্রোপলিটন জেলাসমূহ কর্তৃক আগামী ২০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে পোর্টালের প্রশিক্ষণপ্রাপ্ত জেলা এ্যাডমিনের সহায়তায় গ্রুপ সম্পাদক বা উপযুক্ত প্রতিনিধির কাছে স্কাউট গ্রুপের লগ-ইন User name ও Password প্রদান করা ও তাঁদের নামের তালিকা জেলায় সংরক্ষণ করা এবং পোর্টাল ব্যবহার বিষয়ে এক থেকে দুই ঘন্টার ওরিয়েন্টেশন প্রদান করা;

৪.৪ প্রশিক্ষণপ্রাপ্ত জেলা এ্যাডমিনের মাধ্যমে উপজেলা বা গ্রুপ এ্যাডমিনদের টেকনিক্যাল সহায়তা প্রদান করা, প্রয়োজনে অঞ্চল এ্যাডমিনের সহায়তা গ্রহণ করা;

৪.৫ আগামী ৩০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে গ্রুপ এ্যাডমিন কর্তৃক সংশ্লিষ্ট স্কাউট গ্রুপের সকল সদস্যের রেজিস্ট্রেশন প্রক্রিয়া আবশ্যিকভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্দেশনা প্রদান ও মনিটরিং করা।

৫.০ **উপজেলা স্কাউটস :**

৫.১ মনোনীত উপজেলা এ্যাডমিন ও প্রশিক্ষণপ্রাপ্ত জেলা এ্যাডমিনের সহায়তায় আগামী ২০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে সকল স্কাউট গ্রুপের সম্পাদক বা উপযুক্ত প্রতিনিধিদের পোর্টাল ব্যবহার বিষয়ে এক থেকে দুই ঘন্টার ওরিয়েন্টেশন প্রদান করা ও তাঁদের নিকট স্কাউট গ্রুপের লগ-ইন User name ও Password প্রদান করা এবং তাঁদের নামের তালিকা উপজেলায় সংরক্ষণ করে জেলায় প্রেরণ করা;

৫.২ আগামী ৩০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে গ্রুপ এ্যাডমিন কর্তৃক সংশ্লিষ্ট স্কাউট গ্রুপের সকল সদস্যের রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করার কাজটি মনিটরিং ও নিশ্চিত করা;

৫.৩ প্রশিক্ষণপ্রাপ্ত জেলা এ্যাডমিনের কাছ থেকে টেকনিক্যাল সহায়তা গ্রহণ করা এবং গ্রুপ এ্যাডমিনদের টেকনিক্যাল সহায়তা প্রদান করা। রেজিস্ট্রেশন কার্যক্রমে প্রয়োজনে রোভার স্কাউটদের সেবা গ্রহণ করা।

৬.০ **স্কাউট গ্রুপ :**

৬.১ অনলাইন স্কাউট ডাটাবেজ ও সার্ভিস পোর্টালে নিজ গ্রুপের কার্যক্রম সম্পাদনের জন্য গ্রুপ এ্যাডমিন মনোনীত করা এবং পোর্টালের প্রশিক্ষণপ্রাপ্ত জেলা এ্যাডমিন বা উপজেলা এ্যাডমিনের সহায়তায় আগামী ২০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে পোর্টাল ব্যবহার বিষয়ে এক থেকে দুই ঘন্টার ওরিয়েন্টেশন গ্রহণ করা;

৬.২ আগামী ৩০ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে গ্রুপ এ্যাডমিন কর্তৃক সংশ্লিষ্ট স্কাউট গ্রুপের সকল সদস্যের (গ্রুপ কমিটির সদস্য সহ) রেজিস্ট্রেশন প্রক্রিয়া আবশ্যিকভাবে সম্পন্ন করা;

৬.৩ রেজিস্ট্রেশন কার্যক্রমে প্রয়োজনে রোভার স্কাউট ও শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি শিক্ষকের সহায়তা গ্রহণ করা;

৬.৪ প্রশিক্ষণপ্রাপ্ত জেলা এ্যাডমিন বা উপজেলা এ্যাডমিনের কাছ থেকে টেকনিক্যাল সহায়তা গ্রহণ করা;

৬.৫ নিজ স্কাউট গ্রুপের সদস্যবৃন্দের অনলাইনে প্রাপ্ত আইডি কার্ড প্রিন্ট করে বিতরণ ও ব্যবহার করা।

বাংলাদেশ স্কাউটস এর scouts.gov.bd ওয়েবসাইটে "অনলাইন রেজিস্ট্রেশন ও সার্ভিস" লিংকে ক্লিক করে নতুন রেজিস্ট্রেশন, লগ-ইন এবং সেবা গ্রহণ করা যাবে। এছাড়া গুগল প্লে স্টোর থেকে Bangladesh Scouts এপ্সটি এন্ড্রয়েড মোবাইলে ইনস্টল করে রেজিস্ট্রেশন করা যাবে এবং স্কাউট প্রোফাইল ম্যানেজ করা যাবে। রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর এই পোর্টাল থেকে সাধারণ জনগণের সেবা গ্রহণের বিষয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে এবং সে মোতাবেক অঞ্চল, জেলা, উপজেলা ও স্কাউট সদস্য কর্তৃক সাধারণ জনগণকে সেবা প্রদান করা হবে।

ওয়েবসাইটে প্রদত্ত "ব্যবহার সহায়িকা" অনুসরণে পোর্টালটি ব্যবহার করা যাবে। অনলাইন স্কাউট ডাটাবেজ ও সার্ভিস পোর্টালের কোন ফিচার বুঝতে সমস্যা হলে বা টেকনিক্যাল সহায়তার জন্য ফেসবুকে (https://www.facebook.com/groups/BDscoutsRegistration/) উপস্থাপন করা যাবে। প্রয়োজনে প্রশিক্ষণপ্রাপ্ত জেলা এ্যাডমিন বা অঞ্চল এ্যাডমিন, শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি শিক্ষক বা বাংলাদেশ স্কাউটস এর আইসিটি টাস্কফোর্স সদস্যদের সহায়তা নেয়া যেতে পারে।

অনলাইন স্কাউট ডাটাবেজ ও সার্ভিস পোর্টাল যথাসময়ে সফলভাবে বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করি।

২৪/১০/১৮

(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক (ভারপ্রাপ্ত)
বাংলাদেশ স্কাউটস

বিতরণঃ কার্যার্থেঃ

১। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
২। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;
৩। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা;
৪। সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা;

জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা;
২। কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা;
৩। উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা;
৪। কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল উপজেলা;

সদয় জ্ঞাতার্থেঃ

১। সভাপতি, বাংলাদেশ স্কাউটস;
২। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
৩। জাতীয় কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস;
৪। আঞ্চলিক কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
৫। জাতীয় উপ কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস।

Ahsan